

সচিবের সঙ্গে বৈঠক শেষে যে সিদ্ধান্ত নিলেন প্রাথমিকের শিক্ষকরা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ০৪:৫৩, ১০ নভেম্বর ২০২৫



ছবি: সংগৃহীত।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা তাদের শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মবিরতি স্থগিত করেছেন। তবে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে তাদের অবস্থান কর্মসূচি চলবে।

রবিবার (৯ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন

প্রাথমিক সহকারী শিক্ষক সংগঠন ট্রাক্য পরিষদের আহ্বায়ক ও
প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি
শামসুদ্দিন মাসুদ।

তিনি জানান, সোমবার (১০ নভেম্বর) বিকেল ৫টায় তাদের
দাবিগুলো নিয়ে অর্থ মন্ত্রণালয়ে একটি সভা রয়েছে। সেখানেই
চূড়ান্ত সিদ্ধান্ত আসবে।

এর আগে গতকাল শনিবার (৮ নভেম্বর) বিকেলে রাজধানীর
শাহবাগে ‘কলম বিসর্জন’ কর্মসূচিতে পুলিশের সাউন্ড গ্রেনেড,
টিয়ারশেল ও রাবার বুলেট নিক্ষেপে বহু শিক্ষক আহত হন।
সাউন্ড গ্রেনেডে অনেক শিক্ষক অসুস্থ হয়ে পড়েন। পরে তারা
কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে অবস্থান কর্মসূচি শুরু করেন।

তাদের তিন দফা দাবি হলো সহকারী শিক্ষকদের দশম গ্রেডে
বেতন দেওয়া, উচ্চতর গ্রেডের জটিলতার স্থায়ী সমাধান ও
সহকারী শিক্ষকদের শতভাগ বিভাগীয় পদোন্নতির নিশ্চয়তা।

এদিকে তাদের এসব দাবির পরিপ্রেক্ষিতে আজ সন্ধ্যায়
সচিবালয়ে শিক্ষকদের প্রাথমিক শিক্ষক দাবি বাস্তবায়ন পরিষদ
ও প্রাথমিক সহকারী শিক্ষক সংগঠন এক্য পরিষদের নেতৃবৃন্দের
সঙ্গে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব আবু তাহের মো.
মাসুদ রানা। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন
কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষকদের দাবির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
আলোচনায় শিক্ষক নেতৃবৃন্দের দাবির বিষয়সমূহ অর্থ
মন্ত্রণালয়কে অবহিত করে যথাসম্ভব দ্রুততার সঙ্গে দাবিসমূহ
সমাধানের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক
সহযোগিতা প্রদানের আশ্বাসের পরিপ্রেক্ষিতে শিক্ষক নেতৃবৃন্দ
চলমান কর্মবিরতি স্থগিতের ঘোষণা দেন।